DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) ￼ তৈরি: 16 Aug 2026, 06:15 AM

জাতীয়

# সরোয়ার আলমগীরের সংসদ সদস্য হিসেবে দায়িত্ব পালনে বাধা নেই

প্রতিবেদক: নিজস্ব প্রতিবেদক
প্রকাশের তারিখ: বুধবার, ২৯ জুলাই ২০২৬, ০৪:০৪ PM



ছবি সংগৃহীত

ত্রয়োদশ জাতীয় সংসদে চট্টগ্রাম-২ আসনে নির্বাচিত বিএনপির সরোয়ার আলমগীরের সংসদ সদস্য হিসেবে দায়িত্ব পালন অব্যাহত রাখতে আর কোনো আইনি বাধা নেই বলে আদেশ দিয়েছেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগ।

আজ বুধবার (২৯ জুলাই) প্রধান বিচারপতি জুবায়ের রহমান চৌধুরীর নেতৃত্বাধীন চার সদস্যের আপিল বিভাগ জামায়াতের প্রার্থী মুহাম্মদ নুরুল আমীনের করা আবেদন খারিজ করে এ আদেশ দেন। এর ফলে সরোয়ার আলমগীরের সংসদ সদস্য হিসেবে শপথ, সংসদ অধিবেশনে অংশগ্রহণ এবং দায়িত্ব পালনে আর কোনো আইনগত বাধা থাকল না।

মামলাটি ছিল হাইকোর্টের সেই রায়ের কার্যকারিতা স্থগিতের আবেদন, যে রায়ে নির্বাচন কমিশনের সরোয়ার আলমগীরের মনোনয়ন বাতিলের সিদ্ধান্ত অবৈধ ঘোষণা করা হয়েছিল। একই সঙ্গে আবেদনকারী সরোয়ারকে সংসদ সদস্য হিসেবে দায়িত্ব পালন ও সংসদীয় কার্যক্রমে

অংশগ্রহণ থেকে বিরত রাখার নির্দেশনাও চেয়েছিলেন। আপিল বিভাগ সেই আবেদন খারিজ করে দেন।

রায়ের পর অ্যাটর্নি জেনারেল ব্যারিস্টার রুহুল কুদ্দুস কাজল সাংবাদিকদের বলেন, আপিল বিভাগের আদেশের ফলে সরোয়ার আলমগীরের সংসদ সদস্য হিসেবে দায়িত্ব পালন, সংসদ অধিবেশনে অংশ নেওয়া এবং তাঁর নির্বাচিত প্রতিনিধি হিসেবে কার্যক্রম পরিচালনায় কোনো আইনি বাধা নেই।

জামায়াতের প্রার্থী হাইকোর্টের রায়ের পরিপ্রেক্ষিতে একটি অন্তবর্তী আদেশ চেয়ে সরোয়ার আলমগীদের সংসদ সদস্য হিসেবে দায়িত্ব পালনের ওপর স্থগিতাদেশে চেয়েছিলেন।

অ্যাটর্নি জেনারেল জানান, যেহেতু ইতোমধ্যে হাইকোর্টের পূর্ণাঙ্গ রায় প্রকাশ হয়েছে, এখন সংক্ষুব্ধ হলে এ রায়ের বিরুদ্ধে আপিল বিভাগে নিয়মিত আপিল করতে পারবেন।

এর আগে ঋণখেলাপির অভিযোগে নির্বাচন কমিশন সরোয়ার আলমগীরের মনোনয়ন বাতিল করলেও হাইকোর্ট সেই সিদ্ধান্ত অবৈধ ঘোষণা করেন। পরে নির্বাচন কমিশন তাঁকে বিজয়ী ঘোষণা করে গেজেট প্রকাশ করে এবং তিনি সংসদ সদস্য হিসেবে শপথ নেন। ওই রায়ের বিরুদ্ধে জামায়াত প্রার্থী আপিল বিভাগে আবেদন করলে বিষয়টি শুনানির জন্য আসে। শুনানি শেষে আপিল বিভাগ আজ আবেদনটি খারিজ করে দেন।

---


## এ বিভাগের আরও খবর




**জুলাইয়ে সড়ক দুর্ঘটনায় নিহত ৪১৮ জন: বিআরটিএ**
গত জুলাই মাসে দেশে ৪৪১টি সড়ক দুর্ঘটনায় ৪১৮ জন নিহত হয়েছেন। এর মধ্যে মোটরসাইকেল দুর্ঘটনায় সবচেয়ে বেশি ১০৯ জন প্রাণ হারিয়েছেন।এসব দুর্ঘটনায় আহ...




**প্রথমবার কিশোরগঞ্জ সফরে প্রধানমন্ত্রী তারেক রহমান**
প্রধানমন্ত্রী তারেক রহমান প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব নেওয়ার পর প্রথমবারের মতো আজ রোববার কিশোরগঞ্জ সফর করছেন। জাতীয় মৎস্য পক্ষ-২০২৬-এর উদ্ব...




### প্রধানমন্ত্রী কিশোরগঞ্জ যাচ্ছেন আজ

প্রধানমন্ত্রী তারেক রহমান আজ রবিবার (১৬ আগস্ট) কিশোরগঞ্জ সফরে আসছেন। ঢাকা থেকে সড়কপথে রওয়ানা হয়ে কিশোরগঞ্জ সদর ছাড়াও কটিয়াদী ও পাকুন্দিয়া উপ...



### ৭ জেলায় ঝোড়ো হাওয়া ও বজ্রসহ বৃষ্টির আশঙ্কা

দুপুরের মধ্যে দেশের ৭ জেলার ওপর দিয়ে ঝোড়ো হাওয়া ও বজ্রসহ বৃষ্টির আশঙ্কা রয়েছে। এ ছাড়া সংশ্লিষ্ট এলাকার নদীবন্দরগুলোকে ১ নম্বর সতর্কসংকেত দেখ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/national/sroyar-almgirer-sngsd-sdsj-hisebe-dayitb-palne-badha-nei